রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ১৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১, ২০২৫

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৫৭—৩৬৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬১৭—৬৬৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৫—২১৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৮৯—৭৩২ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খন্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৯—২০ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ৩১-০৩-০৮ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### প্রধান উপদেষ্টার কার্যালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৫ চৈত্র ১৪৩১/০৮ এপ্রিল ২০২৫

**নং ০৩.০০.২৬৯০.০৭৩.১৩.০০১.২৫–৩১**—স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশ হিসেবে উত্তরণের ফলে বাংলাদেশের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলার পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও মনিটরিং-এর জন্য এ কার্যালয়ের ০৩.৪৫১.২৬৯০.০২৯.০০.০১.২০২১–৫৪(২৪) সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটি'র পরিবর্তে নিম্নরূপে 'স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণ সংক্রান্ত জাতীয় ওয়ার্কিং কমিটি' গঠন করা হলো:

সভাপতি

(১) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব

সদস্যবৃন্দ

(২) মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধান উপদেষ্টার কার্যালয়

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৩) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

(৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

(৫) সচিব, অর্থ বিভাগ

(৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন

(৭) পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৮) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৯) সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়

(১০) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(১১) সচিব, শিল্প মন্ত্রণালয়

(১২) সচিব, কৃষি মন্ত্রণালয়

(১৩) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

(১৪) নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA)

(১৫) চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

(১৬) সভাপতি, এফবিসিসিআই

(১৭) সভাপতি, বিজিএমইএ

(১৮) সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (DCCI)

(১৯) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ (BAPI)

সদস্য-সচিব

(২০) অতিরিক্ত সচিব (ডিই অনুবিভাগ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

২. **কমিটির** কার্যপরিধি:

**(ক)** স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ পরবর্তী সময়ে দেশের কোন কোন খাতে কি পরিমাণ প্রভাব পড়তে পারে তা নির্ধারণ;

(খ) নির্ধারণকৃত প্রতিটি খাতের জন্য মূল দায়িত্ব পালনকারী (responsible) এবং সহযোগী (associate) হিসেবে দায়িত্ব পালনকারী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর ও সংস্থাসমূহের ম্যাপিং;

(গ) দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক ক্ষেত্রে বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(ঘ) মুক্ত/অগ্রাধিকার বাণিজ্য চুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ শুল্কনীতি প্রণয়নে পরামর্শ প্রদান;

(ঙ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর ও সংস্থা কর্তৃক সুনির্দিষ্ট ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়ন;

(চ) মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর ও সংস্থা কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও পরামর্শ প্রদান।

৩. কমিটি প্রতি তিন মাসে কমপক্ষে একবার সভার আয়োজন করে অগ্রগতি পর্যালোচনা করবে। কমিটি প্রয়োজনে অন্য কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার প্রতিনিধি বা ব্যক্তিকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১/২৭ মার্চ ২০২৫

**নং ০৩.০০.২৬৯০.০৭৩.০৯.০০১.২৫—২৬**—স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণকে মসৃণ ও টেকসই করার লক্ষ্যে প্রণীত Smooth Transition Strategy (STS) বাস্তবায়নের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য নিম্নোক্ত বিশেষজ্ঞ কমিটি গঠন করা হলো:

সভাপতি

(১) অধ্যাপক আনিসুজ্জামান চৌধুরী, মাননীয় বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা), অর্থ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) অধ্যাপক মোস্তাফিজুর রহমান, সম্মানীয় ফেলো, সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)

(৩) ড. মঞ্জুর হোসেন, গবেষণা পরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)

(৪) জনাব মোঃ আব্দুর রহিম খান, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৫) ড. মোস্তফা আবিদ খান, কম্পোনেন্ট ম্যানেজার, এসএসজিপি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৬) ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক, চেয়ারম্যান, রিসার্চ এন্ড পলিসি ইন্টিগ্রেসন ফর ডেভেলপমেন্ট (RAPID)

(৭) ড. কাজী ইকবাল, গবেষণা পরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)

সদস্য-সচিব

(৮) অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক, এসএসজিপি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

**২. কমিটির** কার্যপরিধি

**(ক)** Smooth Transition Strategy (STS)-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা;

(খ) STS এর যথাযথ বাস্তবায়ন সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান; এবং

(গ) STS বাস্তবায়ন বিষয়ে সরকার কর্তৃক প্রদত্ত অন্য যে কোনো দায়িত্ব পালন।

৩। কমিটি প্রয়োজন মোতাবেক সভায় মিলিত হবে এবং প্রয়োজনে অন্য কোনো ব্যক্তিকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

৪। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সাপোর্ট টু সাসটেইনেবল গ্রাজুয়েশন প্রজেক্ট (এসএসজিপি) এ কমিটি-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**এ কে এম ফজলুর রহমান**
পরিচালক-৬।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-৭ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১/০৭ এপ্রিল ২০২৫

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৮১.১২.১১১**—বাংলাদেশ বিমান বাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট এহতেশামুল আলম (বিডি/১০১৭৬), জিডি(পি)-কে বিমান বাহিনী অ্যাক্ট রুলস্ ১৯৫৭ এর রুল-১৫ অনুযায়ী চাকরি হতে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল করিম**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ/০৭ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.২৮৫**—যেহেতু, জনাব প্রলয় কুমার জোয়ারদার, বিপিএম, পিপিএম-বার, (বিপি-৭৩০৫১১২৮৬৮), অতিরিক্ত ডিআইজি, অপারেশন্স, পুলিশ অধিদপ্তর, ঢাকা কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ০৬-০৮-২০২৪ তারিখ হতে ছুটি ব্যতীত তার অবস্থা/অবস্থান সম্পর্কে অবহিত না করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব প্রলয় কুমার জোয়ারদার, বিপিএম, পিপিএম-বার-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (চ) বিধি অনুযায়ী ০৬-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, বরিশালে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**সংগঠন ও ব্যবস্থাপনা-১৪ শাখা**

**পরিপত্র**

তারিখ: ১০ চৈত্র, ১৪৩১/২৪ মার্চ, ২০২৫

**বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আইন শাখাকে প্রমিত পদ-বিন্যাসে (Standard set-up) ছোট ক্যাটাগরি হতে পরিবর্তনপূর্বক বড় ক্যাটাগরিতে অন্তর্ভুক্তকরণ।**

নং **০৫.০০.০০০০.২৪৬.১৫.০১৪.২৩-৪০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮ মার্চ ২০১৪ তারিখের ০৫.০০.০০০০.১৫১.০৬.০০৮.১৩. ৭০ সংখ্যক পরিপত্রে আইন সংক্রান্ত অনুবিভাগ/অধিশাখা/শাখা স্থাপনের জন্য প্রমিত পদ-বিন্যাসে (Standard set-up) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বর্তমান মামলার সংখ্যা (১৫০০-এর অধিক) বিবেচনা করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে আইন অনুবিভাগ সৃজনের লক্ষ্যে মন্ত্রণালয়কে ছোট ক্যাটাগরি হতে পরিবর্তনপূর্বক বড় ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোঃ মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ চৈত্র ১৪৩১/২৪ মার্চ ২০২৫

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০১.২৪-৮০**— যেহেতু, জনাব মোঃ কামাল হোসেন (পরিচিতি নম্বর ১৮২১৫), প্রাক্তন সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার, আত্রাই, নওগাঁ এর বিরুদ্ধে তাঁর মুক্তিযোদ্ধা চাচাকে পিতা সাজিয়ে মুক্তিযোদ্ধা কোটায় সরকারি চাকরি গ্রহণ ও চাকরিতে যোগদানকালে উক্ত মিথ্যা পরিচয় ব্যবহার করা, নিজ জ্ঞাত আয়ের সাথে অসামঞ্জস্যপূর্ণ সম্পত্তি অর্জন এবং সরকারের পূর্বানুমোদন গ্রহণ ব্যতীত জমি ক্রয়ের মাধ্যমে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধান লঙ্ঘন করার পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণতা'-এর অভিযোগে ০১/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগণ শুনানির জন্য আবেদন করলে ২৭ মার্চ ২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত বোর্ড গঠন করা হয়;

যেহেতু, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে নিজের মুক্তিযোদ্ধা চাচাকে পিতা সাজিয়ে মুক্তিযোদ্ধা কোটায় সরকারি চাকরি প্রাপ্তি ও চাকরিতে যোগদানের সময় উক্ত মিথ্যা পরিচয় ব্যবহারের অভিযোগ তদন্তে অপ্রমাণিত, নিজের জ্ঞাত আয়ের সাথে অসামঞ্জস্যপূর্ণ সম্পত্তি অর্জনের মাধ্যমে 'দুর্নীতিপরায়ণতা' এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি; কিন্তু নিজের জেলা কুষ্টিয়ায় জমি ক্রয়ের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ না করে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর বিধি ১১(১) লঙ্ঘনের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় জনাব মোঃ কামাল হোসেন (পরিচিতি নম্বর: ১৮২১৫) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক তাকে 'দুই বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ কামাল হোসেন (পরিচিতি নম্বর ১৮২১৫), প্রাক্তন সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশানকের কার্যালয়, খুলনা বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার, আত্রাই, নওগাঁকে তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এ অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক 'দুই বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**
**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ এপ্রিল ২০২৫ খ্রি.।

নং **৫৫.০০.০০০০.০০০.১০৬.৯৯.০০৬.২৪.(অংশ-১)-১০৮**—জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য ড. ইফতেখারুজ্জামান-এর আবেদনের প্রেক্ষিতে কমিশনের সদস্য হিসেবে তাঁর প্রাপ্য বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধা গ্রহণ না করার অভিপ্রায় অনুমোদন করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আশরাফুল আলম**
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১/২৭ মার্চ ২০২৫

নং **৪৪.০০.০০০০.০৯৫.১৮.০০২.২৪-৬৬**—২০২৫ সালে নাগরিকের প্রতি সম্মান প্রদর্শনের মধ্য দিয়ে জনশৃঙ্খলা রক্ষায় অভিনব বুদ্ধিদীপ্ত পুলিশিং কৌশল এর স্বীকৃতি স্বরূপ নিম্নবর্ণিত সদস্যকে 'রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম- সেবা)' প্রদান করা হলো।

| ক্রমিক নং | নাম, পদবি ও বিপি নাম্বার | কর্মস্থল |
|---|---|---|
| ০১ | মোঃ রিয়াদ হোসেন<br>কনস্টেবল/২৭৩৯<br>বিপি-০৩২৩২৪৮৯৪৭ | মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা |

০২। প্রজ্ঞাপন জারির তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তৌছিফ আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ/১৩ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৩০১**—যেহেতু, জনাব জাবেদ ইকবাল, বিপি-৯১১৭১৯৫১৫৫, সহকারী পুলিশ সুপার, র‍্যাব-২, মোহাম্মদপুর, ঢাকা-কে গত ১১-০২-২০২৫ তারিখ ডিবি, ডিএমপি কর্তৃক ICT-BD MISC Case No 04 of 2025, ধারা আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল আইন ১৯৭৩ এর ৩ পরোয়ানামূলে গ্রেফতার করে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়।

সেহেতু, জনাব জাবেদ ইকবাল, বিপি-৯১১৭১৯৫১৫৫, সহকারী পুলিশ সুপার, র‍্যাব-২, মোহাম্মদপুর, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ১১-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩১/০৯ এপ্রিল ২০২৫

নং **৪৪.০০.০০০০.০৯৪.১২.০০৫.১৯-২৩৩**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলোঃ

| ক্রমিক | কর্মকর্তার নাম, বিপি ও পদবি | সহকারী পুলিশ সুপার পদে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদানের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব সৈয়দ ফয়েজ আহমেদ<br>বিপি-৬৭৯০০২৬৬৮১<br>সহকারী পুলিশ সুপার, পুলিশ অধিদপ্তর, ঢাকা | ০১-৯-২০১৫ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবুর রহমান**

উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩২/১৫ এপ্রিল ২০২৫

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪১.২৪-৯৬(১)**—যেহেতু, মোছাম্মাৎ গুলনাহার খাতুন, প্রভাষক (সাময়িক বরখাস্ত), বগুড়া নার্সিং কলেজ, বগুড়া (সংযুক্তঃ আলহাজ্ব আব্দুর রাজ্জাক নার্সিং কলেজ, ডামুড্যা, শরীয়তপুর)-এর বিরুদ্ধে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠেয় পোষ্ট বেসিক বিএসসি ইন নার্সিং ও পোস্ট বেসিক বিএসসি ইন মিডওয়াইফারি ১ম ও ২য় বর্ষের ফাইনাল পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উত্থাপিত হয়। উত্থাপিত প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ঢাকা-এর ২১-০৩-২০২৪ তারিখের ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০৪. ২৩.১০৪ নং স্মারকের পরিপ্রেক্ষিতে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়। তার কর্তৃক এরূপ প্রশ্নপত্র ফাঁসের কার্যক্রম সংঘঠিত করা এবং গ্রুপিং করে কলেজের সার্বিক শিক্ষার পরিবেশ ক্ষুণ্ন করা 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর সামিল;

০২। যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে প্রেরিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' -এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-৯৫/২৪ রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০৮-১০-২০২৪ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪১.২৪-২২৩ নম্বর স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়ঃ

০৩। যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ০৭-১১-২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগের বিষয়ে তার সম্পৃক্ততা রয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৪। যেহেতু, তদন্তে অভিযুক্তের বিরুদ্ধে উত্থাপিত 'অসদাচরণ' এর অভিযোগের বিষয়ে তার সম্পৃক্ততা প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুযায়ী 'চাকরী হইতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের প্রস্তাব করে ০৯-০৩-২০২৫ তারিখের ৫৯.০০.০০০০. ১১৭. ২৭.১৪১.২৪-৫৭ নং স্মারকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৭(৯) মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন;

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে বলেন, তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, ভুয়া ও ভিত্তিহীন এবং উত্থাপিত প্রশ্নপত্র প্রণয়ন এবং মডারেশন কোনোটার সাথেই তিনি জড়িত ছিলেন না। তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার জন্য বিনীত অনুরোধ জানান;

০৬। সেহেতু, মোছাম্মাৎ গুলনাহার খাতুন, প্রভাষক (সাময়িক বরখাস্ত), বগুড়া নার্সিং কলেজ, বগুড়া (সংযুক্তঃ আলহাজ্ব আব্দুর রাজ্জাক নার্সিং কলেজ, ডামুড্যা, শরীয়তপুর)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানি, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানোর জবাব

এবং নথিপত্র পর্যালোচনা করা হলো। তার পিআরএল সমাগত। তার চাকরি ১ বছরের কম অবশিষ্ট রয়েছে। সার্বিক বিবেচনায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) অনুযায়ী **'অসদাচরণের'** অভিযোগে একই বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক তাকে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো এবং তার সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকালীন সময় হিসাবে গণ্য করা হবে। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক সকল আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডা. মো: সারোয়ার বারী**
সচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০১০.২৩.৭২**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | আমানতগঞ্জ | ৪৮ | ৫৫১২ | ৩০ | বরিশাল সদর | বরিশাল |
| ২ | কাজিরা | ৫৫ | ৬৯৯ | ১ | উজিরপুর | বরিশাল |
| ৩ | উত্তর কমলাপুর | ৯৩ | ১৪২ | ১ | উজিরপুর | বরিশাল |
| ৪ | গরিয়া | ৫৮ | ৫৯৭ | ১ | উজিরপুর | বরিশাল |
| ৫ | বাগরা | ২১ | ১৪০ | ১ | উজিরপুর | বরিশাল |
| ৬ | নরসিংহা | ৬১ | ৬৮৭ | ১ | উজিরপুর | বরিশাল |
| ৭ | লস্করপুর | ৪২ | ৭৪২ | ২ | উজিরপুর | বরিশাল |
| ৮ | বড় বাসাইল | ১৭ | ১৭৫৩ | ২ | আগৈলঝাড়া | বরিশাল |
| ৯ | বাকাল | ৩১ | ১৮০২ | ২ | আগৈলঝাড়া | বরিশাল |
| ১০ | সারদল | ২৭ | ৪৬৬ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ১১ | তৌকাটি | ৬৪ | ৭৫০ | ২ | নলছিটি | ঝালকাঠি |
| ১২ | জোয়ার আওরা বুনিয়া | ১১৯ | ৩৮৯ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ১৩ | নলবুনিয়া | ৭৬ | ৮১৮ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ১৪ | জুর কাটী | ১৩১ | ৮৭২ | ১ | নলছিটি | ঝালকাঠি |
| ১৫ | কানুয়া | ৩৩ | ১৪০৩ | ২ | ভান্ডারিয়া | পিরোজপুর |
| ১৬ | দক্ষিণ চর মঞ্জাল | ৪৪ | ১৮২৭ | ৩ | চরফ্যাশন | ভোলা |
| ১৭ | দক্ষিণ কোড়ালিয়া | ১০৪ | ১৮৫৩ | ৩ | ভোলা সদর | ভোলা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
যুগ্মসচিব।

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**পরিবেশ-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ/০৯ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২২.০০.০০০০.০০০.০৭৪.৯৯.০০০১.২৫.১০৫**—পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার ক্রমান্বয়ে বন্ধ (Phase Out) করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রথম ধাপে Straw, Stirrer & Cotton Bud-এই তিনটি সিঙ্গেল ইউজ প্লাস্টিক পণ্যের উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন এবং ব্যবহার ০১ জুন ২০২৫ তারিখ থেকে সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবরীনা রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**শোক-প্রস্তাব**

তারিখ: ১১ চৈত্র ১৪৩১/২৫ মার্চ ২০২৫

নং **১১.০০.০০০০.৮০৩.৪৫.০৬৮.১৪-১১৯(১)**—বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের উপপরিচালক (রিপোর্টিং) জনাব মোহাম্মদ হাছান ক্যান্সারে আক্রান্ত হয়ে বাংলাদেশ বিশেষায়িত হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ১৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ রোজ বুধবার বিকাল ০৫.৪৪ ঘটিকায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। উপপরিচালক (রিপোর্টিং) জনাব মোহাম্মদ হাছান একজন সৎ, কর্তব্যপরায়ণ ও নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ০২ (দুই) সন্তানসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

০৩। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় মরহুম জনাব মোহাম্মদ হাছান-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**মোঃ মিজানুর রহমান** এনডিসি
সচিব।